



সাইন্স কোর্স

এস.এস.সি. রিভিশন প্রোগ্রাম-২০২১

বিষয় : বাংলা ১ম পত্র (Ban-1-1)

বিালিমিলি

Date: 13-09-2020

বিষয় কোড		
১	০	১

Set-A

সময় : ১ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমানঃ ৩০

দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রতিটি বিভাগ হতে একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। দশম শ্রেণির শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে প্রধান শিক্ষক বলেন, মানুষের মনকে আলোকিত করার অন্যতম প্রধানতম উপায় হলো শিক্ষা। প্রকৃত শিক্ষায় মানুষের সার্বিক কল্যাণ নিশ্চিত হয় এবং মানব মনের পরিপূর্ণ মুক্তি ঘটে। আর মুক্তি না থাকলে মনুষ্যত্বের স্বাদ পাওয়া যায় না।
- ক) তিমির শব্দের অর্থ কী? ১
- খ) শিক্ষার অপ্রয়োজনীয় দিকই শ্রেষ্ঠ দিক কেন? ২
- গ) উদ্দীপকের প্রধান শিক্ষকের নীতিবোধের সাথে শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের প্রতিপাদ্য বিষয়ের সাদৃশ্য- ব্যাখ্যা কর। ৩
- ঘ) মুক্তি না থাকলে মনুষ্যত্বের স্বাদ পাওয়া যায় না। উক্তিটির তাৎপর্য ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ২। ২৫ মার্চের ভয়াল নৃশংসতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোর পাশাপাশি শিক্ষকদের বাসা পর্যন্ত ছড়িয়ে পড়ে। বাসা থেকে টেনে হিঁচড়ে বের করে হত্যা করা হয় অধ্যাপক জ্যোতির্ময় গুহ, দর্শনের অধ্যাপক ড. গোবিন্দ চন্দ্র দেব, কবি ও সাংবাদিক মেহেরুন্নিসা, সেলিনা পারভীন, ভাষা সৈনিক ধীরেন্দ্রনাথ দত্ত প্রমুখকে। স্বাধীনতা আন্দোলনের নেপথ্যে এ সকল বুদ্ধিজীবীর ভূমিকা বেশ গুরুত্বপূর্ণ।
- ক) গোয়েবলস কে? ১
- খ) স্বাধীনতা যুদ্ধে বেতারের ভূমিকা কী ছিল? ২
- গ) উদ্দীপকের কোন দিকটি ‘একান্তরের দিনগুলি’ রচনায় উপস্থিত? বর্ণনা কর। ৩
- ঘ) “উদ্দীপকের তুলনায় ‘একান্তরের দিনগুলি’ রচনা অধিক করুণ”-উক্তিটি মূল্যায়ন কর। ৪
- ৩। এ সংসারে এসেছিলাম ন বছরের মেয়ে
তারপরে এই পরিবারের দীর্ঘ গলি বেয়ে
দশের ইচ্ছা বোঝাই করা এই জীবনটা টেনে টেনে শেষে
পৌছিলাম আজ পথের প্রান্তে এসে।
সুখ-দুঃখের কথা
একটুখানি ভাবব এমন সময় ছিল কোথা?
- ক) বনফুলের প্রকৃত নাম কী? ১
- খ) ‘ওদের বাড়ির গৃহকর্ম-নিপুণা লক্ষ্মী বউটার ঠিক এক দশা।’-বুঝিয়ে লেখ। ২

- গ) ‘নিমগাছ’ ও উদ্দীপকের নয় বছরের মেয়েটি যেভাবে সাদৃশ্যপূর্ণতা বর্ণনা কর। ৩
- ঘ) ‘উক্ত সাদৃশ্যই এ সমাজের বাস্তব রূপ’-পঠিত গল্পের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪
- ৪। বর্বর বলি যাহাদের গালি পাড়িল ক্ষুদ্রমনা,
কূপ-মন্ডুক ‘অসংযমী’র আখ্যা দিয়াছে যারে,
তারি তরে ভাই গান রচে’ যাই, বন্দনা করি তারে।
- ক) ‘যুগবাণী’ কোন জাতীয় গ্রন্থ? ১
- খ) ‘ইহা তো আত্মার ধর্ম নয়’- বলতে কী বোঝানো হয়েছে? ২
- গ) উদ্দীপকের বক্তব্যে ‘উপেক্ষিত শক্তির উদ্বোধন’- প্রবন্ধের যেদিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকের বিপরীত মানসিকতার প্রভাব ‘উপেক্ষিত শক্তির উদ্বোধন’ প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৫। ও-ও জীর্ণ কাষ্টের একখান তরী,
তার উপরে এক সওয়ারী,
পাড়ি ধরছে অকূল দরিয়ায়
ওরে ডওরায় পানি টুবুটুবু,
তাইতে তরী ডুবুডুবু
এখন চেউ উঠিলে হইবে অনুপায়।
- ক) ‘মৈমনসিংহ গীতিকা’ সম্পাদনা করেন কে? ১
- খ) সময় ও রুচির পরিবর্তনে কী ধ্বংসের পথে দাঁড়িয়েছে?-ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকে ‘পল্লিসাহিত্য’ প্রবন্ধের কোন দিকটি উঠে এসেছে? ৩
- ঘ) “উদ্দীপকটি ‘পল্লিসাহিত্য’ প্রবন্ধের খন্ডাংশ মাত্র।” মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪